

জবিতে নবীনদের মাঝে উৎসবের আমেজ

জবি প্রতিনিধি

২৩ জুন ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদের সময়



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষের শিক্ষার্থীদের ক্লাস গতকাল রবিবার থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদভূক্ত বিভাগ ও ইনসিটিউটগুলোতে নবীন শিক্ষার্থীদের উৎসবমুখর পরিবেশে স্বাগত জানানো হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাণ রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত এক অফিস আদেশে গত ২ জুন এই ক্লাস শুরুর মৌষণা দেওয়া হয়। তিনি বলেন, নবীন শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয় জীবনের প্রথম ধাপ। আমরা চাই, তারা শুরু থেকেই পড়াশোনা ও গবেষণার মাধ্যমে নিজেদের ভবিষ্যৎ গড়ে তুলুক। এ জন্য একাডেমিক কার্যক্রম সুস্থুরভাবে পরিচালনার লক্ষ্যে সংশৃষ্ট বিভাগ ও দপ্তরগুলোকে সর্বোচ্চ প্রস্তুতি নিতে নির্দেশ দেওয়া হয়েছে।

ক্লাস শুরুর প্রথম দিনে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নবীন শিক্ষার্থীদের মধ্যে উৎসাহ-উদ্বৃত্তি পূর্ণ লক্ষ্য করা গেছে। বিজ্ঞান অনুষদের রসায়ন বিভাগের নবীন শিক্ষার্থী ফারিয়া আক্তার বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া আমার জন্য গর্বের বিষয়। আজ (গতকাল) থেকে আমার বিশ্ববিদ্যালয় জীবন শুরু এবং আমি এই নতুন অধ্যায়ে অনেক কিছু শিখতে উৎসুক।

ক্যাম্পাসে রঃঃয়েগিং কোনোভাবেই গ্রহণযোগ্য নয় বলে জানিয়েছেন জবি প্রফ্টের অধ্যাপক ড. মো. তাজামুল হক। গতকাল রবিবার এক ফেসবুক পোষ্টে তিনি বলেন, নতুনদের আগমনকে ঘিরে ক্যাম্পাসে যদি রঃঃয়েগিংয়ের ঘটনা ঘটে, কোনো শিক্ষার্থী যদি নবীনদের শারীরিক, মানসিক বা মৌখিকভাবে হয়রানির চেষ্টা করেন, তাদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। একই সঙ্গে নবীনদের যে কোনো ধরনের হয়রানির ঘটনা বিভাগীয় ছাত্র উপদেষ্টা ও চেয়ারম্যান, প্রফেসরিয়াল বডি, ছাত্রকল্যাণ পরিচালক, শিক্ষার্থী সংশ্লিষ্ট কমিটি, কোষাধ্যক্ষ বা উপাচার্য মহোদয়ের অফিসকে দ্রুত জানাতে অনুরোধ করা হচ্ছে।

উপাচার্য অধ্যাপক ড. মো. রেজাউল করিম নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আমরা শিক্ষার্থীদের স্বাগত জানাই এবং আশা করি তারা নিয়মিত অধ্যয়ন, গবেষণা এবং নৈতিক উন্নয়নের মাধ্যমে নিজেদের ভবিষ্যৎ প্রস্তুত করবে। আমাদের লক্ষ্য- শিক্ষার্থীদের জন্য একটি সৃজনশীল ও গতিশীল শিক্ষা পরিবেশ নিশ্চিত করা।

এদিকে নবীন শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে কোরআন বিতরণ করেছে জবি শাখা ছাত্রশিবির। এ সময় প্রায় ৫০০ শিক্ষার্থীর হাতে কোরআন কপি বিতরণ করা হয়। গতকাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এ বিষয়ে শাখা ছাত্রশিবিরের সাহিত্য ও প্রকাশনা সম্পাদক মো. সোহাগ আহমেদ বলেন, শিক্ষার্থীরা যেন নৈতিকতা বোধসম্পন্ন মানুষ হতে পারে, তাই ধারাবাহিকতায় আজ (গতকাল) বিশ্ববিদ্যালয়ে আসা নবীন শিক্ষার্থীদের মাঝে কোরআন মাজিদ ও কলম উপহার দেওয়ার কর্মসূচি নিয়েছি।

চলতি শিক্ষাবর্ষে জবি নিজস্ব পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করেছে, যা গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর সমন্বিত ভর্তি পরীক্ষা থেকে পৃথক। এবারের ভর্তি পরীক্ষায় প্রায় ১ লাখ ৯৩ হাজার ৬৩৪ শিক্ষার্থী আবেদন করেছিলেন, যার মধ্যে ৪০ হাজার শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ পান। ২ হাজার ৮১৫টি আসনের জন্য এই পরীক্ষা ৩১ জানুয়ারি থেকে ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত বিভিন্ন ইউনিটে (এ, বি, সি, ডি ও ই) অনুষ্ঠিত হয়।